দৈনিক বাংলা
ডকুমেন্টেশন কেন্দ্র
019
তারিখ 04 MAR 1989

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়
কলেজ অব টেক্সটাইল টেকনোলজি,
তেজগাঁও, ঢাকা-১২০৮।

# ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজ অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজিতে ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজি কোর্সের ১ম বর্ষে সর্বমোট ৬০ (ষাট)টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

## ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা :

১। প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এসএসসি কিংবা ইহার সমমানের পরীক্ষায় নির্ধারিত মোট নম্বরের ৫০% নম্বর (গ্রেস নম্বর বাদে) পাইয়া দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে।

৩। ১৯৮৮ সালে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এইচএসসি কিংবা ইহার সমমানের পরীক্ষায় নির্ধারিত মোট নম্বরের ৫০% (গ্রেস নম্বর বাদে) নম্বর পাইয়া দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে এবং গণিত, পদার্থ ও রসায়ন বিষয়ে গড়ে কমপক্ষে ৬০% নম্বর এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে ৫০% নম্বর পাইতে হইবে।

৪। ১৯৮৬ ও ১৯৮৭ সনে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত নম্বরের ৫৫% নম্বর এবং অংক, পদার্থ, রসায়নে গড়ে কমপক্ষে ৬৫% নম্বর পাইতে হইবে এবং উপরোক্ত প্রতিটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে ৫৫% নম্বর পাইতে হইবে। ১৯৮৫ ও তৎপূর্ববর্তী বৎসরসমূহে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের দরখাস্ত গ্রহণ করা হইবে না।

## দরখাস্ত করার নিয়মাবলী :

আগামী ১৫-৩-৮৯ ইং হইতে ১৬-৪-৮৯ ইং পর্যন্ত অফিস চলাকালীন সময়ে রেজিস্ট্রারের দফতরে নগদ ৩০/- (ত্রিশ) টাকা প্রদানপূর্বক ভর্তির ফরম সরাসরি গ্রহণ করা যাইবে অথবা অধ্যক্ষের অনুকূলে ৩০/- (ত্রিশ) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা, শাখার উপরে নিজ ঠিকানাসহ ৬/- (ছয়) টাকার অব্যবহৃত ডাকটিকিট সংবলিত ১০"×৪½" আকারের খাম পাঠাইলে ভর্তির ফরম পাওয়া যাইবে। ভর্তির ফরম যথাযথভাবে পূরণপূর্বক নিম্নে বর্ণিত দলিলাদিসহ ১৬-৪-৮৯ ইং তারিখ বিকাল ২টার মধ্যে অধ্যক্ষের দফতরে পৌঁছাইতে হইবে। খামের উপর "ভর্তির আবেদনপত্র" কথাটি থাকিতে হইবে। নির্ধারিত তারিখের পরে ডাকযোগে প্রাপ্ত দরখাস্ত গ্রহণ করা হইবে না।

## আবেদনপত্রের সহিত নিম্ন দলিলাদি দাখিল করিতে হইবে :

১। এসএসসি ও এইচএসসি পরীক্ষা অথবা সমমানের পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত কপি। ইহার অবর্তমানে যে স্কুল এবং কলেজ হইতে পাস করিয়াছে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে প্রাপ্ত প্রশংসাপত্র-এর সত্যায়িত (গেজেটেড অফিসার কর্তৃক) কপি।

২। বোর্ড হইতে এসএসসি ও এইচএসসি পরীক্ষা অথবা সমমানের পরীক্ষার নম্বর তালিকার সত্যায়িত (গেজেটেড অফিসার কর্তৃক) কপি।

এইচএসসি অথবা উহার সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের (গ্রেস নম্বর বাদে) ভিত্তিতে মেধানুযায়ী সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে এবং ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নাম ও ক্রমিক নম্বর ঘোষণার তারিখ ৩০-৪-৮৯ ইং।

## লিখিত পরীক্ষা :

| ক্রমিক নং | বিষয় | নম্বর | তারিখ ও সময় |
|---|---|---|---|
| ক) | অংক | ৬০ | ৫-৬-৮৯ (২২শে জ্যৈষ্ঠ, ১৩৯৬ বাং) সোমবার। ১ম শিফট সকাল ৯টা হইতে ১২টা, ২য় শিফট দুপুর ১২টা হইতে ৩টা |
| খ) | পদার্থ বিজ্ঞান | ৬০ | |
| গ) | রসায়ন শাস্ত্র | ৬০ | |
| ঘ) | ইংরেজী ফাংশনাল | ২০ | |

মোট নম্বর ২০০

উপরোক্ত পরীক্ষা এইচএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী হইবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদিগকে প্রয়োজনীয় উত্তরপত্র দেওয়া হইবে। কেবলমাত্র কলম, পেন্সিল ও জ্যামিতির বাক্স সঙ্গে আনিতে হইবে। পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাইবে না।

## প্রার্থী নির্বাচন :

এইচএসসি পরীক্ষায় (গ্রেস নম্বর বাদে) প্রাপ্ত মোট নম্বরের ১০% লিখিত ভর্তি পরীক্ষার ফলাফলের সাথে যোগ করিয়া মেধা তালিকা প্রস্তুত করা হইবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ও অপেক্ষমাণ তালিকা (ক্রমিক নম্বরসহ) আগামী ২০-৬-৮৯ ইং মঙ্গলবার অত্র কলেজের বিজ্ঞপ্তি ফলকে দেওয়া হইবে।

## ভর্তির নিয়মাবলী :

১। প্রত্যেক নির্বাচিত প্রার্থীকেই ৭০/- (সত্তর) টাকা ফি প্রদানপূর্বক অত্র কলেজের মেডিক্যাল অফিসার হইতে শারীরিক সুস্থতা সনদ গ্রহণ করিতে হইবে। মেডিক্যাল পরীক্ষায় সনদ গ্রহণের ব্যর্থ হইলে ভর্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২। আগামী ২১-৬-৮৯ ইং হইতে ২০-৭-৮৯ ইং পর্যন্ত সকাল ৯টা হইতে দুপুর ১টার মধ্যে ভর্তি হইতে হইবে। কোন প্রার্থী উক্ত সময়ের মধ্যে ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে এবং দ্বিতীয় মেধা তালিকা ২৩-৭-৮৯ ইং কলেজের বিজ্ঞপ্তি ফলকে দেওয়া হইবে।

৩। ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকেই তাহার এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল সনদপত্র, প্রশংসাপত্র ও নম্বর পত্র দেখাইতে হইবে।

৪। ভর্তির সময় দেয় টাকার পরিমাণ টাকা ৫৭৫/- (সর্বসাকুল্যে)।

৫। ভর্তি সম্পর্কে বিস্তারিত জানার নিমিত্তে অত্র কলেজের রেজিস্ট্রার-এর সঙ্গে যোগাযোগ করা যাইতে পারে। ভর্তির ব্যাপারে যাবতীয় তথ্যাদি ও পরীক্ষার ফলাফল অত্র কলেজের বিজ্ঞপ্তি ফলকে দেওয়া হইবে।

৬। বর্ণিত শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্লাস শুরু হওয়ার সম্ভাব্য তারিখ ১৫-৮-৮৯ ইং।

৭। ছাত্রাবাসে সকল ছাত্রদের থাকার সংস্থান করা যাইতে পারে।

৮। ছাত্রীদের জন্য থাকার কোন ছাত্রীবাস-এর ব্যবস্থা নাই।

৯। ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্লাস শুরু হওয়ার তারিখ হইতে ১৫ (পনর) দিনের মধ্যে কোন ছাত্র/ছাত্রী ক্লাসে উপস্থিত হইতে ব্যর্থ হইলে তাহার ভর্তি সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। উক্ত বাতিলকৃত আসনে ৩য় মেধা তালিকা হইতে ছাত্র/ছাত্রী পরবর্তী ২০ (বিশ) দিনের মধ্যে ভর্তি করা হইবে।

## সংরক্ষিত আসন : উপজাতীয় একটি

আবেদনকারীর দাবীর সপক্ষে প্রমাণাদি অবশ্যই দাখিল করিতে হইবে এবং দরখাস্তে উপজাতীয় কথাটি লিখিয়া দিতে হইবে। সংরক্ষিত আসনের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রেও পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নিম্নতম যোগ্যতা থাকিতে হইবে। উপজাতীয় ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত আসনে প্রার্থীদের আলাদা কোন ভর্তি পরীক্ষা নেওয়া হইবে না। উপজাতীয় সহ সকলকে একই সাথে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

বিঃ দ্রঃ ভর্তির ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন প্রার্থী, ভর্তির জন্য যেকোন উপায়ে প্রভাব সৃষ্টি করিতে চাহিলে সে ভর্তির জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

(ডঃ মোস্তাফিজুর রহমান)
চেয়ারম্যান, ভর্তি কমিটি
ও
অধ্যক্ষ
কলেজ অব টেক্সটাইল টেকনোলজি,
তেজগাঁও, ঢাকা-১২০৮।

ডিএফপি(স)—৪৫৫৫/১-৩
জি—৭১৪